৭৪০
১৮-০২-২৫
সিনিয়র এনালিস্ট

# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

**বন্দর ভবন, বন্দর, চট্টগ্রাম-৪১০০**

www.cpa.gov.bd

পরিচালক (প্রশাসন), চবক এর বিজ্ঞপ্তি নং- ০৭ /২০২৫

তারিখ, চট্টগ্রাম- ১৬/০২/২০২৫ ইং

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ২১ শে ফেব্রুয়ারী, ২০২৫ ''মহান শহিদ দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস'' যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে সরকারী কর্মসূচীর আলোকে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ নিম্নলিখিত কর্মসূচী গ্রহণ করেছে।

| ক্রঃ নং | সময় | গৃহীত কর্মসূচী | কার্যক্রম |
|---|---|---|---|
| ১। | ২১/০২/২০২৫ শুক্রবার | ২১/০২/২০২৫ ইং তারিখ শুক্রবার সরকারী ছুটির দিন হিসেবে পালিত হবে। | পরিচালক (প্রশাসন), চবক |
| ২। | ২১/০২/২০২৫ সূর্যোদয়ের সাথে সাথে | সূযোর্দয় থেকে সূর্যাস্থ পর্যন্ত বন্দর কর্তৃপক্ষের প্রধান দপ্তর/ভবন, ওয়ার্কশপ, আবাসিক ভবন, বিদ্যালয় ও বন্দরে অবস্থানরত জাহাজ ও জলযান সমূহে জাতীয় পতাকা অর্ধনমিত ভাবে উত্তোলিত থাকবে। | পরিচালক (নিরাপত্তা), চবক।<br>উপ-সংরক্ষক, চবক।<br>অধ্যক্ষ(ভারপ্রাপ্ত), চট্টগ্রাম বন্দর কলেজ<br>অধ্যক্ষ(ভারপ্রাপ্ত), বন্দর মহিলা কলেজ<br>প্রধান শিক্ষক, বন্দর কর্তৃপক্ষ উচ্চ বিদ্যালয়/বন্দর বালিকা উচ্চ বিদ্যালয়।<br>সুপার, বন্দর মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসা। |
| ৩। | ২১/০২/২০২৫ সকাল ৮.৩০ ঘটিকা | ''মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস'' উদ্‌যাপন উপলক্ষ্যে চট্টগ্রাম বন্দর উচ্চ বিদ্যালয় ও বন্দর কলেজ মাঠ প্রাঙ্গনে অবস্থিত শহিদ মিনারে চেয়ারম্যান, চবক কর্তৃক পতাকা উত্তোলন ও পুষ্পস্তবক অর্পণ। এছাড়া চবক এর সকল স্কুল, কলেজ, ক্লাব, ইনষ্টিটিউট, মুক্তিযোদ্ধা সংসদ, বন্দর এলাকাস্থ সকল সংঘ/সমিতি এবং অত্র কর্তৃপক্ষের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহ পুষ্পস্তবক অর্পণ করবেন। | পরিচালক (নিরাপত্তা), চবক।<br>সচিব, চবক।<br>প্রধান প্রকৌশলী, চবক।<br>সিনিয়র পারসোনেল অফিসার, চবক।<br>অধ্যক্ষ(ভারপ্রাপ্ত), চট্টগ্রাম বন্দর কলেজ<br>অধ্যক্ষ(ভারপ্রাপ্ত), বন্দর মহিলা কলেজ<br>প্রধান শিক্ষক/শিক্ষিকা, উচ্চ বিদ্যালয় সমূহ।<br>সুপার, বন্দর মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসা। |
| ৪। | ২১/০২/২০২৫ তারিখ বাদ জুমা | বন্দর কর্তৃপক্ষের আওতাধীন সকল মসজিদ ও ধর্মীয় প্রতিষ্ঠানে মহান ভাষা আন্দোলনের শহিদদের রুহের মাগফেরাত এর জন্য বিশেষ দোয়া মাহফিল। এছাড়া সুবিধাজনক সময়ে বন্দর পূজা মন্দির ও বৌদ্ধ বিহারে বিশেষ প্রার্থনা অনুষ্ঠান। চেয়ারম্যান, চবক মহোদয়, বাদ জোহর ৮ নং মসজিদে দোয়ায় অংশগ্রহন করবেন। | সভাপতি, সাধারণ সম্পাদক, চবক এর সকল মসজিদ, মন্দির, বৌদ্ধ বিহার পরিচালনা কমিটি। |
| ৫। | ২১/০২/২০২৫ তারিখ (সুবিধাজনক সময়) | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ২ টি কলেজ, ২ টি উচ্চ বিদ্যালয় ও দাখিল মাদ্রাসায় চিত্রাংকন, কবিতা পাঠ, রচনা ও সুন্দর হস্থাক্ষর প্রতিযোগিতার আয়োজন। | অধ্যক্ষ, চট্টগ্রাম বন্দর কলেজ<br>অধ্যক্ষ, বন্দর মহিলা কলেজ<br>প্রধান শিক্ষক/শিক্ষিকা, উচ্চ বিদ্যালয় সমুহ।<br>সুপার, বন্দর মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসা। |
| ৬। | ২১/০২/২০২৫ তারিখ | বন্দর হাসপাতালে অভ্যন্তরীণ রোগীদের বিশেষ মানের খাবার পরিবেশন। | প্রধান চিকিৎসা কর্মকর্তা, চবক। |
| ৭। | ২১/০২/২০২৫ তারিখ | ''মহান শহিদ দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস'' ৫২ এর চেতনা ও ২০২৪ এর গণ অভ্যুত্থানের প্রতিফলন তুলে ধরে বন্দর ভবনসহ কাস্টমস্ মোড় থেকে শহীদ শামসুজ্জামান স্টেডিয়াম পর্যন্ত বর্ণমালা ও ছবি সম্বলিত ব্যানার, ফেষ্টুন ও পোস্টার দ্বারা সজ্জিতকরণ । বন্দর ভবনে মাইকযোগে আমার ভাইয়ের রক্তে রাঙানো গান পরিবেশন। | উপ-প্রধান প্রকৌশলী (বিদ্যুৎ), চবক।<br>সিনিয়র পারসোনেল অফিসার, চবক।<br>উর্দ্ধতন অর্থ কর্মকর্তা, চবক।<br>প্রধান শিক্ষিকা(ভারপ্রাপ্ত), চবক বালক উচ্চ বিদ্যালয়।<br>পারসোনেল অফিসার (আইআর), চবক। |

ক্রমশঃ

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইহা জারী করা হলো।

স্বাক্ষরিত/-
পরিচালক (প্রশাসন)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নং-১৮.০৪.০০০০.১৮৪.২৩.১৭৩-২০২২(লুজ)/ ২৬ তারিখঃ১৬/০২/২০২৫ ইং

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১। সকল সদস্য, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ ।
২। সকল বিভাগীয় প্রধান /উপ-বিভাগীয় প্রধান ও শাখা প্রধান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। নিজ বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা যাচেছ।
৩। উপ-সংরক্ষক, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। ক্রমিক নং-২ এ বর্ণিত বিষয়ে ব্যবস্হা গ্রহণ করার জন্য অনুরোধ করা যাচেছ।
৪। পরিচালক (নিরাপত্তা), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। ক্রমিক নং- ২ ও ৩ এ উল্লেখিত বিষয় এবং উক্ত অনুষ্ঠানে পর্যাপ্ত নিরাপত্তা ও শান্তি শৃঙ্খলা রক্ষার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৫। প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। উল্লেখিত অনুষ্ঠানে যোগদানের সুবিধার্থে উক্ত তারিখ যথাসময়ে অফিসার সিডিউল চালু রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্ট শাখাকে নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা যাচেছ।
৬। প্রধান চিকিৎসা কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। ক্রমিক নং-০৭ এ বর্ণিত বিষয়ে ব্যবস্হা গ্রহণ করার জন্য অনুরোধ করা যাচেছ।
৭। উপ-পুলিশ কমিশনার (বন্দর), উক্ত অনুষ্ঠানে পর্যাপ্ত নিরাপত্তা ও শান্তি শৃঙ্খলা রক্ষার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৮। নিবাহী প্রকৌশলী (ইমারত), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। ক্রমিক নং- ০৩ এর জন্য প্রয়োজনীয় পুষ্পস্তবক / WREATHE ব্যবস্থা করার জন্য অনুরোধ করা যাচেছ।
৯। সভাপতি / সাধারণ সম্পাদক, বন্দর রিপাবলিক ক্লাব (সকাল ৮:৩০ ঘটিকায় ক্যাফেটেরিয়ায় অতিথিদের আপ্যায়নের ব্যবস্থা করবেন)।
১০। সিস্টেম এনালিষ্ট, চবক (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহকারে)।
১১। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/শিক্ষিকা, বন্দর কলেজ/ বন্দর উচচ বিদ্যালয়সমূহ ক্রমিক নং-২,৩ এবং ক্রমিক ৪ এর বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
১২। পরিচালক, চট্টগ্রাম বন্দর স্পোর্টস কমপ্লেক্স, বন্দর, চট্টগ্রাম।
১৩। সহকারী সচিব, চবক এবং ক্যামেরাম্যান, চবক- অনুষ্ঠানের সার্বিক সমন্বয়, প্রচার ও ছবি তোলার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
১৪। সুপারিনটেনডেন্ট, বন্দর মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসা।
১৫। বন্দর প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/ শিক্ষিকা ।
১৬। কমান্ডার, পোর্ট অথরিটি থানা কমান্ড, বাংলাদেশ-মুক্তিযোদ্ধা সংসদ, বন্দর শাখা, চট্টগ্রাম।
১৭। সভাপতি / সাধারণ সম্পাদক, সকল মসজিদ, চট্টগ্রাম বন্দর পূজা মন্দির পরিচালনা কমিটি /চট্টগ্রাম বন্দর বৌদ্ধ বিহার পরিচালনা কমিটি। ক্রমিক নং- ৫ এর বিষয়ে ব্যবস্হা গ্রহণ করবেন ।
১৮। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সহকারী, চেয়ারম্যান, চবক মহোদয়ের সদয় অবগতির জন্য ।

১৬/২/২৫
পরিচালক (প্রশাসন)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ